৭২

দৈনিক বাংলা

তারিখ ... 01 MAR 1997 ... ...
পৃঃ ৭ কলাম ২

# এসএসসি পরীক্ষার সময়সূচী বার বার পরিবর্তন ঃ পরীক্ষার্থীদের ক্ষোভ

চট্টগ্রাম ব্যুরো ঃ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার আর মাত্র ছয়দিন বাকী। কিন্তু বোর্ড কর্তৃপক্ষ বার বার রুটিন পরিবর্তন করায় পরীক্ষার্থীদের

(৮-এর পৃঃ ৮-এর কঃ দ্রঃ)।

## এসএসসি পরীক্ষার

(প্রথম পৃষ্ঠার পর)

মধ্যে অসন্তোষ দেখা দিয়েছে।

গত মাসে বোর্ডসমূহ এক দফা পরীক্ষার সময়সূচী প্রকাশ করে পত্রিকায়। পরবর্তীতে তা বাতিল করে ১৮ ফেব্রুয়ারী নতুন সময়সূচী ঘোষণা করে। গত ২৬ ফেব্রুয়ারী আবার তা বাতিল করে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড চট্টগ্রাম থেকে আজ আবার সংশোধিত পরীক্ষার সময়সূচী ঘোষণা করা হয়েছে। এদিকে পরীক্ষা শেষ হওয়ার তিনদিনের মধ্যে ব্যবহারিক পরীক্ষা শুরু করে ৫ দিনের মধ্যে শেষ করার নির্দেশ দেয়া হয়েছে।